

২০১৫

বাংলা

অষ্টম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১নং প্রশ্ন এবং যে কোনও দুটি প্রশ্নের উত্তর দাও।

- ১। 'কপালকুন্ডলা' উপন্যাসে তৎকালীন বাংলা ও বাঙালীর সমাজ জীবনের যে চিত্র ধরা পড়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

১৮

অথবা

উপন্যাসের নায়ক হিসেবে নবকুমার চরিত্রটি কতখানি সার্থক তা বিচার করো।

২। 'চতুরঙ্গ' উপন্যাসের গঠন শৈলীর অভিনবত্ব সম্পর্কে আলোচনা করো।

১৬

অথবা

'চতুরঙ্গ' উপন্যাসে শচীশ-দামিনীর সম্পর্কের মনস্তাত্ত্বিক টানাপোড়েনের স্বরূপ বর্ণনা করো।

৩। 'শ্রীকান্ত' কী জাতীয় রচনা? উপন্যাস, ভ্রমণকাহিনী, নাকি ডায়েরি অথবা আত্মজীবনী? তোমার মতের সমর্থনে যুক্তি দাও।

১৬

অথবা

'শ্রীকান্ত (১ম পর্ব)'—উপন্যাসের নারী চরিত্র নির্মাণে লেখকের যে সহৃদয় সহানুভূতি অনুভব করা যায় তা লিপিবদ্ধ করো।

৪। 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসের প্লট-গঠনের বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

১৬

অথবা

'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে কেন্দ্রীয় চরিত্র রূপে ঢোঁড়াই-এর ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো।

দ্বিতীয়ার্থ

[মান—৫০]

৫নং প্রশ্ন এবং বাকি যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও।

৫। প্রভাত কুমার মুখোপাধ্যায়ের 'দেবী' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

ছোটগল্প হিসেবে 'ফুলের মূল্য' গল্পটির সার্থকতা বিচার করো।

৬। তারাক্ষরের 'জলসাগর' গল্পে সামন্ততন্ত্র বনাম ধনতন্ত্রের যে দ্বন্দ্বিক রূপ চিত্রিত হয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

অথবা

'তারাক্ষরের গল্পে প্রকৃতি শুধুমাত্র বাহ্য অবলম্বন হয়ে থাকেনি, মাঝে মাঝে তা হয়ে উঠেছে মানব চরিত্রের নির্মাতাও'— 'তারিনী মাঝি' গল্পটি সম্পর্কে এই অভিমত কতখানি প্রযুক্ত হতে পারে বলে তোমার মনে হয়— তা নিজের ভাষায় ব্যক্ত করো।

৭। 'অরুণের রাস' গল্পটিকে অবদমিত বাসনার গল্প বলা কতদূর সংগত তা নিজের ভাষায় ব্যক্ত করো।

অথবা

‘শঙ্কিতা অভয়া’ গল্পের অভয়া চরিত্রটির মধ্যে মনস্তাত্ত্বিক টানােপোড়েনের যে রূপ ধরা পড়েছে তার শিল্প সার্থকতা সম্পর্কে আলোচনা করো।

৮। ‘নরেন্দ্রনাথ মিত্রের গল্পে মধ্যবিত্ত সমাজের অবক্ষয় লেখকের সহানুভূতির স্পর্শে চিত্রিত হয়েছে’—পাঠ্য গল্পের নিরিখে মন্তব্যটির যথার্থ্য বিচার করো।

১৬

অথবা

‘নরেন্দ্রনাথ মিত্রের গল্পের চরিত্রগুলি এক রৈখিক নয়, শেষলগ্নে তাদের আচরণ বাঁকবদল করে’—‘অবতরনিকা’ গল্পটির নিরিখে মন্তব্যটির যথার্থ্য বিচার করো।